কানাইঘাটের বীর মুক্তিযোদ্ধা আলীম উদ্দিন আর নেই, বিভিন্ন মহলের শোক

কানাইঘাট প্রতিনিধিঃ

কানাইঘাট সদর ইউনিয়নের গৌরিপুর গ্রাম নিবাসী কানাইঘাট বাজারের বিশিষ্ট ব্যবসায়ী উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাজার বণিক সমিতির সাধারণ সম্পাদক আব্দুল হেকিম শামীমের পিতা বীর মুক্তিযোদ্ধা আলীম উদ্দিনের ইন্তেকাল হয়েছে, ইন্নালিল্লাহী……রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭২ বছর । মৃত্যু কালে তিনি ১ ছেলে ৪ মেয়ে সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বীর মুক্তিযোদ্ধা আলীম উদ্দিনের শ্যালক উপজেলা আওয়ামীলীগের সহ সভাপতি জামাল উদ্দিন জানিয়েছেন, বুধবার সকালে বুকে প্রচন্ড ব্যাথা জনিত কারনে বোন জামাই বীরমুক্তিযোদ্ধা আলীম উদ্দিনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। পরে তার শারিরীক অবস্থার অবনতি ঘটলে তাকে উন্নত চিকিৎসার জন্য ডাক্তাররা সিলেট এম এজি ওসমানি মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরন করলে সেখানে নিয়ে গেলে বিকাল দেড়টার দিকে হৃদরোগ বিভাগে তিনি মৃত্যু বরন করেন। পরে তার লাশ নিজ বাড়ী গৌরিপুর গ্রামে নিয়ে আসলে সমাজের বিভিন্ন স্থরের লোকজন, উপজেলা আওয়ামীলীগের নেতাকর্মীরা তাকে দেখতে যান এবং শোকাহত পরিবারের সদস্যদের শান্তনা প্রদান করেন। বিকেলে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির নেতৃত্বে এ বীর মুক্তিযোদ্ধাকে গার্ড অব অনার প্রদান করা হয়। রাত ৯ টায় গৌরিপুর জামে মসজিদ প্রাঙ্গনে মরহুমের জানাযার নামাজের পর গ্রামের কবরস্থানে তাকে পুর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হবে। এ দিকে বীর মুক্তিযোদ্ধা বিশিষ্ট ব্যবসায়ী আলিম উদ্দিনের মৃত্যুতে শোকাহত পরিবারের প্রতি গভির সমাবেদনা ও মরহুমের আতœ◌ার মাগফেরাত কামনা করে শোক প্রকাশ করেছেন সিলেট মহানগর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমদ, কানাইঘাট উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী, জেলা আওয়ামীলীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মস্তাক আহমদ পলাশ, সাবেক উপজেলা চেয়ারম্যান আশিক উদ্দিন চৌধুরী,উপজেলা আওয়ামীলীগের সভাপতি পৌর মেয়র লুৎফুর রহমান,সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ সিরাজুল ইসলাম, সিলেট প্রেসক্লাবের সিনিয়র সহ সভাপতি সাংবাদিক এম এ

হান্নান,উপজেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল ইসলাম হারুন, সাংগঠনিক সম্পাদক গিয়াস উদ্দিন, কানাইঘাট প্রেসক্লাবের সভাপতি রোটারিয়ান শাহজাহান সেলিম বুলবুল,সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন,সাবেক মুক্তিযোদ্ধা কামান্ডার নাজমুল হক,কানাইঘাট বাজার বনিক সমিতির সভাপতি আলতাফ হোসেন সহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ।